



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১০৯/২০১৯/১২৫৬৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

সামটা ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: সামটা, উপজেলা: শার্শা, জেলা: যশোর-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ৩১.০৮.২০২২খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ:

১. আইসিটি যন্ত্রপাতির ব্যবহার যথাযথভাবে সংরক্ষণসহ ধারাবাহিক ভাবে সকল শিক্ষক ও স্টাফদের ইন হাউস প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. ফাজিল মাদ্রাসা হিসেবে প্রতিষ্ঠানের লাইব্রেরি কার্যক্রম আরো মানসম্পন্ন করতে হবে এবং মূল কিতাব ও মানসম্পন্ন বই বৃদ্ধি করতে হবে। বই পড়ার লক্ষ্যে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ প্রদান করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
৩. শিক্ষার মানোন্নয়ন, কাংখিত শিক্ষার্থী ভর্তি, আর্থিক সক্ষমতা অর্জন ও সর্বক্ষেত্রে অধিকতর জবাবদিহিতার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও এলাকাবাসীর শিক্ষানুরাগী ব্যক্তিদের নিয়ে মাদ্রাসা পরিচালনা পরিষদ বছরে ০২টি সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।
৪. হৃদয়ে বঙ্গবন্ধু তথা বঙ্গবন্ধু কর্নারকে আরো সমৃদ্ধ করে স্বতন্ত্র কক্ষে স্থানান্তর করতে হবে। বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সংগ্রাম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা করতে হবে।
৫. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে


(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্রাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ


সামটা ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা
ডাকঘর: সামটা, উপজেলা: শার্শা, জেলা: যশোর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১০৯/২০১৯/১২৫৬৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এক ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, সামটা ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: সামটা, উপজেলা: শার্শা, জেলা: যশোর।
- ৮। অফিস নথি।



(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার
মাদ্রাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪